

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-৫৭

তারিখঃ ২৫/০২/২০১৬ খ্রিঃ।
সময়ঃ বিকাল ৩.৩০ মিনিট

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ২৫.০২.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

০১। আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

সমুদ্র বন্দর ও নদী বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

পূর্বাভাস : খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা : সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়াসী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩১.৭	৩০.০	২৮.০	৩০.৫	২৯.৬	২৯.০	৩০.৪
সর্বনিম্ন তাপমাত্রা	১৮.৫	১৯.৩	১৮.৪	১৮.২	১৪.০	১৯.৮	১৮.৮

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল মাদারীপুর ৩১.৭ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল কুড়িগ্রাম ১৪.০ ডিগ্রী সে.।

২। ট্রলার ডুবিঃ

নারায়নগঞ্জঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, গতকাল ২৪.০২.২০১৬ তারিখ সকাল ১২ টায় নারায়নগঞ্জ জেলার সদর উপজেলার আলীরটেক ইউনিয়নে বুড়িগংগা নদীতে মাটিবহনকারী ট্রলারের সাথে বলগেড়ের ধাক্কা লেগে ৩৭ জন লোক নিয়ে একটি ট্রলার ডুবে যায়। অধিকাংশ যাত্রী সীতরিয়ে তীরে উঠতে সক্ষম হয়। ফায়ার সার্ভিসের ডুবুরীদল স্থানীয় ডুবুরীদের এবং প্রশাসনের সহায়তায় উদ্ধার কাজ চালিয়ে ৬ জনকে মৃত অবস্থায় উদ্ধার করেন। জেলা প্রশাসকসহ জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ঘটনাস্থলে উপস্থিত থেকে উদ্ধার কাজ তদারকী করেন। জেলা প্রশাসনের পক্ষ থেকে মৃত পরিবারকে সনাক্ত করে প্রত্যেককে ২০,০০০/- টাকা করে মোট ১,২০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।

ঘূর্ণিঝড়ঃ নারায়নগঞ্জঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, গতকাল ২ টায় জেলার আড়াইহাজার খনার উপর দিয়ে এক ঘূর্ণিঝড় বয়ে যায়। ঘূর্ণিঝড়ে বেশ কিছু গাছপালা এবং কীচা ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। ঝড়ের সময় ঘরে চাপা পড়ে ২ জনের মৃত্যু হয়েছে। বিস্তারিত তথ্য পরে জানানো হবে।

৩। অগ্নিকান্ডঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কম্বলের ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ড সংঘটিত হওয়ার সংবাদ পাওয়া যায়নি।

** দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭X২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: ndrcc.dmr@gmail.com

স্বাক্ষরিত/-

মোঃ আমিনুল ইসলাম
উপ সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৬৬৬৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/ (দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।